গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
(সংস্থা-১ শাখা)
www.ictd.gov.bd

নম্বর- ৫৬.০০.০০০০.০০০.০৫৪.২৭.০০০৪.২৫-০২

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ১২ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব এস এম ইমরান, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিরুদ্ধে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ধারাবাহিকভাবে অফিসে অনুপস্থিত থাকার কারণে আপনার বিরুদ্ধে চাকরি বিধিমালা অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সিদ্ধান্ত প্রদান করেছেন;

যেহেতু, তার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর ৩(খ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এর শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় গত ২২ জুলাই ২০২৫ তারিখ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে (মামলা নম্বর: ০৫/২০২৫) কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি ২৮ জুলাই ২০২৫ তারিখ অপরাহ্নে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ২১ আগস্ট ২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোহাম্মদ গোলাম কিবরিয়া, যুগ্মসচিব (আইন ও পলিসি অনুবিভাগ)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এস এম ইমরান, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিরুদ্ধে আনীত বিভিন্ন সময়ে এমনকি গুরুত্বপূর্ণ কর্মসূচি কালেও লিখিত ছুটি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিতি সংক্রান্ত অভিযোগ 'অসদাচরণ'-এর দায়ে দোষী সাব্যস্ত করেছেন;

সেহেতু, জনাব এস এম ইমরান, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে বর্ণিত **'অসদাচরণ'** এর অভিযোগে দোষী হওয়ায় তাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৪(২) উপ-বিধি (১)(ক) মোতাবেক **'তিরস্কার'** দণ্ড প্রদান করা হলো। একই সঙ্গে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২/০১/২০২৬

শীষ হায়দার চৌধুরী, এনডিসি
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

নম্বর- ৫৬.০০.০০০০.০০০.০৫৪.২৭.০০০৪.২৫-০২

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ১২ জানুয়ারি ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪. যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫. জেলা প্রশাসক, রাঙ্গামাটি।
৬. উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

CS CamScanner

৭. মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)
৮. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি।
১১. সিনিয়র প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. প্রোগ্রামার, জেলা কার্যালয় রাঙ্গামাটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্ত অধিদপ্তর।
১৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাউখালী, রাঙ্গামাটি।
১৫. জনাব এস এম ইমরান, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
স্থায়ী ঠিকানা: জনাব এস এম ইমরান, পিতাঃ আফসার উদ্দিন, গ্রামঃ চান্দেরভাগ, ডাকঘরঃ ভাওয়াল জামালপুর, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ গাজীপুর।

12.01.2026

ড. মো: আনোয়ার হোসেন
উপসচিব

CamScanner